

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

### শোকবার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় মাঠ পর্যায়ের কর্মরত জনাব মোহাম্মদ মাসুদুল আলম ভূঁঞা, গবেষণা কর্মকর্তা, চাঁদপুর জেলা শিক্ষা অফিস, চাঁদপুর অদ্য ১৫/০১/২০২৫ তারিখ মঙ্গলবার কুমিল্লা শহরে রাত ৮.০০ ঘটিকায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সেসিপ পরিবারের কর্মকর্তা-কর্মচারী গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত। জনাব মোহাম্মদ মাসুদুল আলম ভূঁঞা ছিলেন একজন কর্তব্যপরায়ণ, সৎ ও দক্ষ কর্মকর্তা। শিক্ষার ক্ষেত্রে তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে। মৃত্যুকালে তিনি স্ত্রী এবং এক পুত্র ও এক কন্যা রেখে গেছেন।

আমরা মহান সৃষ্টিকর্তার নিকট মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি। এই অপূরণীয় ক্ষতি ও শোক ধৈর্যের সাথে মোকাবেলার জন্য মহান আল্লাহ রাব্বুল আলামীনের নিকট প্রার্থনা করছি।

মহান সৃষ্টিকর্তা মরহম মোহাম্মদ মাসুদুল আলম ভূঁঞাকে জান্নাতবাসী করুন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সেসিপ পরিবারের পক্ষে

প্রফেসর ড. একিউএম শফিউল আজম  
প্রোগ্রাম পরিচালক (সেসিপ)

ও

মহাপরিচালক (বুটিন দায়িত্ব)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা